unesco
The United Nations Educational, Scientific and Cultural Organization

# বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন (বিএনসিইউ)


টেলিফোনঃ +৮৮-২২২৬৬৬৪৮০১, +৮৮-২২২৬৬৬৪৮০৫
ওয়েবসাইটঃ www.bncu.gov.bd
ইমেইলঃ natcombd@yahoo.com

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট
শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি, ১/ক, সেগুনবাগিচা, ঢাকা-১০০০


ডিও নং ৩৭.১৮.০০০০.০১৪.২৩.২০২.০৮- ৪৩৮ তারিখঃ ২৮ জুলাই ২০২৬

প্রিয় সহকর্মী,

আসসালামু আলাইকুম।

আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন (বিএনসিইউ) বাংলাদেশে ইউনেস্কোর লক্ষ্য, আদর্শ ও উদ্দেশ্য বাস্তবায়নের পাশাপাশি শিক্ষা, বিজ্ঞান, সংস্কৃতি এবং তথ্য ও যোগাযোগের ক্ষেত্রে আন্তর্জাতিক সহযোগিতা জোরদার, পারস্পরিক বোঝাপড়া ও শান্তির সংস্কৃতি বিকাশ এবং টেকসই উন্নয়নকে এগিয়ে নেওয়ার লক্ষ্যে সক্রিয়ভাবে কাজ করে আসছে। এ কার্যক্রমের অন্যতম গুরুত্বপূর্ণ অংশ হিসেবে **UNESCO Associated Schools Network (ASPnet)**-এর কার্যক্রম বাংলাদেশে পরিচালিত ও সম্প্রসারিত হচ্ছে।

০২। UNESCO ASPnet হলো ইউনেস্কোর একটি বৈশ্বিক স্কুল নেটওয়ার্ক, যার মাধ্যমে সদস্য রাষ্ট্রসমূহের বিভিন্ন স্তরের শিক্ষা প্রতিষ্ঠানকে ইউনেস্কোর মূল্যবোধ, অগ্রাধিকার ও কর্মসূচির সঙ্গে সম্পৃক্ত করে শান্তি, আন্তর্জাতিক বোঝাপড়া, আন্তঃসাংস্কৃতিক সংলাপ, টেকসই উন্নয়ন এবং বৈশ্বিক নাগরিকত্ব প্রসারে কাজ করা হয়। ASPnet-ভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানসমূহ স্থানীয় ও বৈশ্বিক বাস্তবতার মধ্যে সংযোগ স্থাপন করে শিক্ষার্থীদের জ্ঞান, দক্ষতা, মূল্যবোধ ও দায়িত্বশীল আচরণ বিকাশে সহায়তা করে। বাংলাদেশের প্রেক্ষাপটে ASPnet-এর কার্যক্রমের আওতায় জলবায়ু পরিবর্তন ও পরিবেশ সংরক্ষণ, Education for Sustainable Development (ESD), Global Citizenship Education (GCED), শান্তি ও আন্তঃসাংস্কৃতিক বোঝাপড়া, সাংস্কৃতিক ঐতিহ্য সংরক্ষণ ও প্রচারের পাশাপাশি ডিজিটাল ও কৃত্রিম বুদ্ধিমত্তা (AI) বিষয়ে দায়িত্বশীলতা, শিক্ষার্থীদের সৃজনশীলতা ও উদ্ভাবনী সক্ষমতা বৃদ্ধির মতো গুরুত্বপূর্ণ বিষয়কে অগ্রাধিকার দেওয়া হয়।

৩। উল্লেখ্য, বাংলাদেশে বর্তমানে ৫০টি শিক্ষা প্রতিষ্ঠানে ASPnet-এর কার্যক্রম চলমান রয়েছে। এসব প্রতিষ্ঠান ইউনেস্কোর বিভিন্ন কর্মসূচি, আন্তর্জাতিক দিবস ও বৈশ্বিক প্রচারাভিযানে অংশগ্রহণের পাশাপাশি স্থানীয় ও জাতীয় পর্যায়ে শিক্ষা, সংস্কৃতি, পরিবেশ, শান্তি, ঐতিহ্য ও টেকসই উন্নয়নবিষয়ক বিভিন্ন কার্যক্রম পরিচালনা করে আসছে। বাংলাদেশে ASPnet-এর কার্যক্রমকে আরও বিস্তৃত, অন্তর্ভুক্তিমূলক ও কার্যকর করার লক্ষ্যে বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন (বিএনসিইউ) নতুন শিক্ষা প্রতিষ্ঠানকে নেটওয়ার্কের আওতায় আনার উদ্যোগ গ্রহণ করেছে। এর মাধ্যমে দেশের বিভিন্ন অঞ্চলের শিক্ষা প্রতিষ্ঠানকে UNESCO ASPnet-এর আন্তর্জাতিক নেটওয়ার্কের সঙ্গে যুক্ত করে শিক্ষার্থীদের মধ্যে শান্তি, বৈশ্বিক নাগরিকত্ব, টেকসই উন্নয়ন, সাংস্কৃতিক বৈচিত্র্য, পরিবেশ সচেতনতা আরও সুদৃঢ় করার সুযোগ সৃষ্টি হবে।

৪। এমতাবস্থায়, আপনার জেলার আওতাধীন মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানসমূহের মধ্য থেকে UNESCO ASPnet-এর লক্ষ্য, উদ্দেশ্য ও কার্যক্রম বাস্তবায়নে আগ্রহী ০২ (দুই)টি উপযুক্ত শিক্ষা প্রতিষ্ঠানকে মনোনয়ন প্রদান করে, মনোনীত প্রতিষ্ঠানের নাম, প্রতিষ্ঠান প্রধানের নাম, ফোন নম্বর এবং ইমেইল আইডি natcombd@gmail.com ঠিকানায় প্রেরণের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে আপনার সহযোগিতা কামনা করছি।

২৮/০৭/২০২৬

সাবভীনা মনীর চিঠি
(যুগ্ম সচিব)
ডেপুটি সেক্রেটারি জেনারেল
বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন

জেলা প্রশাসক রাজশাহী

CamScanner